

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
আনসারী ভবন (৪র্থ তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা-১০০০।

বিষয়ঃ স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতিঃ ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ, মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

তারিখঃ ২৪/০২/২০২১ খ্রিঃ

সময়ঃ সকাল ১০:০০ টা

স্থানঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৭, আনসারী ভবন, ৪র্থ তলা, ১৪/২ তোপখানা রোড, ঢাকা)

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব ড. লায়লা আখতার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়। নির্ধারিত বিষয়াবলীর বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১।	ওয়েবসাইট উন্নয়ন	জনাব এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন পরিচালক (প্রশাসন), ওয়েবসাইট উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করার গুরুত্ব তুল ধরেন এবং দুত প্রশিক্ষণটি আয়োজন করতে নির্দেশনা প্রদান করেন।	ওয়েবসাইট উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করতে হবে।	ড. মো: নুরুল আমিন পরিচালক (গবেষণা) ও মাজহারুল ইসলাম উপপরিচালক-৩
২।	উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং এ প্রেরণ	জুন-২০২১ এর মধ্যে দেশে আরো কয়েকটি নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করা যেতে পারে। মার্চ মাসে সিলেটে একটি প্রোগ্রাম আয়োজন করা যেতে পারে।	আগামী জুন/২১ এর মধ্যে সিলেটে আরো একটি নলেজ শেয়ারিং প্রোগ্রামের আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও ড. লায়লা আখতার উপপরিচালক-২
৩।	নূন্যতম ১টি ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়ন করা	টাঙ্গাইলের ঘাটাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সেবা কার্যক্রম অটোমেশনের আওতায় আনার প্রক্রিয়াটি গত বছরে শুরু হয়ে চলমান রয়েছে। ডাঃ রফিকুল ইসলাম জানান, আগামী এক মাসের মধ্যে এটির বাস্তবায়ন সম্ভব হবে।	টাঙ্গাইলের ঘাটাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে Hospital Automation এর কাজটি বাস্তবায়ন করতে হবে।	পরিচালক (গবেষণা) ও এসএসকে টিম
৪।	সেবা সহজীকরণ	দাপ্তরিক সেবা সহজীকরণে ই-ফাইলিং বাস্তবায়ন সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। এটি বাস্তবায়নের জন্য সভাপতি আবারো তাগিদ দেন।	সকল কাজে ই-নথি ব্যবহার করতে হবে।	সকল কর্মকর্তা
৫।	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন পরিবীক্ষণ	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত ক্যালেন্ডার অনুযায়ী (ওয়েবসাইটে আপলোডকৃত) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	সকল কর্মকর্তা
৬।	চলমান প্রকল্পসমূহ পরিদর্শন	চলমান পাইলট প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করতে হবে ও প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা প্রদান করতে হবে।	বর্তমান অর্থবছরের ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে দুটি পরিদর্শন সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক ও ইনোভেশন টিম
৭।	সক্ষমতা বৃদ্ধি	উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে এক দিনের কর্মশালা ও সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে	মে/২০২১ এর মধ্যে প্রশিক্ষণ ও কর্মশালাটি আয়োজন	পরিচালক (প্রশাসন) ও

		দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন।	করতে হবে।	ড. লায়লা আখতার উপপরিচালক-২
৮।	প্রশিক্ষণ মডিউল	উদ্ভাবনী প্রশিক্ষণ আয়োজন করার জন্য মন্ত্রীপরিষদ বিভাগ থেকে প্রণীত প্রশিক্ষণ মডিউল ও রিসোর্সপার্সন এর তালিকা সংগ্রহ করা হয়েছে।	মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত মডিউল অনুযায়ী প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও ড. লায়লা আখতার উপপরিচালক-২

পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-

(ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ও

সভাপতি

স্মারক নম্বর: ৪৫.০৫.০০০০.০০৮.৩৯.০০২.১৯.

তারিখ: ২৮/০২/২০২১ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম ম্যানেজার (যুগ্মসচিব), পরিচালক (প্রশাসন/গবেষণা)/ স্বাস্থ্য অর্থনীতি/ জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা
বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. উপপরিচালক-১/৩, সিনিয়র সহকারী প্রধান/ ১/২, স্বাস্থ্য অর্থনীতি/ জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সংযুক্ত কর্মকর্তা (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেমস এনালিস্ট (ওপি), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
ঢাকা।
৫. গবেষণা কর্মকর্তা (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
ঢাকা।
৬. প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ
মন্ত্রণালয়, ঢাকা।
৯. অফিস কপি।

বিতরণ:

১. উপসচিব (প্রশাসন-৪) অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(ড. লায়লা আখতার)

উপপরিচালক-২ (উপসচিব)

ফোনঃ ৯৫৭০৬৪১